32

দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 12 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

# সরকার নারী শিক্ষা সম্প্রসারণের উপর গুরুত্ব দিয়াছে

জিল্লুর রহমান

টাঙ্গাইল সংবাদদাতা ।। এলজিআরডি মন্ত্রী জিল্লুর রহমান বলিয়াছেন, বর্তমান সরকার মহিলাদের শিক্ষা সম্প্রসারণের উপর গুরুত্ব দিয়াছে এবং ২000 সালের মধ্যে দেশের ১২ কোটি মানুষকেই অক্ষর জ্ঞান দেওয়া হইবে। তিনি গত শনিবার বিকালে টাঙ্গাইলের পুরাতন ফৌজদারী কোর্ট সংলগ্ন স্থানে প্রস্তা-

(১০ম পৃঃ দ্রঃ)

## জিল্লুর রহমান

(৩য় পঃ পর)

বিত শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করিতেছিলেন। আবদুল মান্নান এমপির সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর মুক্তিযুদ্ধ সম্পর্কিত ও সংস্থাপন বিষয়ক উপদেষ্টা খন্দকার আসাদুজ্জামান এমপি ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী এবং

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আওয়ামী লীগের কেন্দ্রীয় যুগ্ম-সম্পাদক শামসুর রহমান খান, অধ্যাপক সেকান্দার হায়াৎ খান ইউসুফজাই, চিত্রা ভট্টাচার্য এমপি, টাঙ্গাইলের ডিসি আবদুস সাত্তার খান, মির্জা তোফাজ্জল হোসেন মুকুল ও টাঙ্গাইল পৌরসভার চেয়ারম্যান জামীলুর রহমান মিরন প্রমুখ।

প্রধান অতিথি জিল্লুর রহমান বলেন গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার জন্যই গণতন্ত্রকে তৃণমূল পর্যায়ে পৌঁছাইতে হইবে এবং এজন্যই বর্তমান সরকার গ্রাম পরিষদসহ স্থানীয় পরিষদের নির্বাচনের উপর গুরুত্বারোপ করিয়াছে।